গাংনীর কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজের এডহক কমিটির সভাপতি হলেন হাসানুজ্জামান ডাবলু

মেহেরপুর সরকারি কলেজের সহকারী অধ্যাপক ও ইংরেজি বিভাগের প্রধান হাসানুজ্জামান ডাবলু গাংনী উপজেলার কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজের এডহক কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন।

একজন শিক্ষিত, অভিজ্ঞ এবং সুনামধন্য শিক্ষক হিসেবে শিক্ষাক্ষেত্রে তার অবদানের স্বীকৃতিস্বরূপ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর ছয় মাসের জন্য তাকে এডহক কমিটির সভাপতি হিসেবে অনুমোদন দিয়েছে।

এডহক কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সাধারণ শিক্ষক প্রতিনিধি মাজহারুল ইসলাম, অভিভাবক প্রতিনিধি মিজানুর রহমান মিজান এবং কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাফিজুর রহমান।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোরের কলেজ পরিদর্শক প্রফেসর এস এম তৌহিদুজ্জামানের স্বাক্ষরিত অফিস আদেশে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

নতুন সভাপতির দায়িত্ব গ্রহণ উপলক্ষে এক অনাড়ম্বর অনুষ্ঠানে প্রতিষ্ঠানের সিনিয়র শিক্ষক আমজাদ হোসেন, আক্তারুজ্জামান লাভলু, রেজাউর রহমান, ফিরোজা খাতুন, আজিজুল হক, জুহিন কামাজ, জয়নাল আবেদীন, শামীম রেজা, এখলাছুর রহমান, ববিতা রাণী সরকার, পল্লবী সাহা, নুরুন্নাহার, আশিকুল ইসলাম, নাজমুল হকসহ সব শিক্ষক-কর্মচারী উপস্থিত ছিলেন।

সিনিয়র শিক্ষক আমজাদ হোসেন জানান, “নবনির্বাচিত সভাপতি হাসানুজ্জামান ডাবলু আমার সহকর্মী এবং আমাদের প্রিয় শিক্ষক মরহুম সামছুজ্জোহা স্যারের সুযোগ্য পুত্র। তিনি একজন অভিজ্ঞ ও যোগ্য শিক্ষক। আমরা আশাবাদী, তার নেতৃত্বে আমাদের প্রতিষ্ঠান নতুন উচ্চতায় পৌঁছাবে।”

অভিভাবক প্রতিনিধি মিজানুর রহমান মিজান বলেন, “সভাপতি মহোদয়

একজন দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক। শিক্ষাক্ষেত্রের নানা দিক সম্পর্কে তার সুস্পষ্ট ধারণা রয়েছে। তার দক্ষ পরিচালনায় প্রতিষ্ঠান আরও সমৃদ্ধ হবে বলে আমি বিশ্বাস করি এবং আমি সর্বাত্মক সহযোগিতা করবো।”

সহকারী শিক্ষক আক্তারুজ্জামান লাভলু বলেন, “বর্তমান সভাপতির নেতৃত্বে আমাদের প্রতিষ্ঠানের শিক্ষার মান, শৃঙ্খলা এবং আদর্শিক দিক আরও উন্নত হবে বলে আমরা প্রত্যাশা করি।”

নবনির্বাচিত সভাপতি হাসানুজ্জামান ডাবলু বলেন, “১৯৬৭ সালে প্রতিষ্ঠিত এই ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিটি ইট এবং বালুকণায় আমার বাবার স্মৃতি মিশে আছে। আমি শিক্ষার মানোন্নয়নসহ প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে কাজ করতে চাই। আমাদের প্রতিষ্ঠানকে মেহেরপুর জেলার সেরা বিদ্যালয় হিসেবে গড়ে তুলতে সকলের সহযোগিতা প্রয়োজন। আমি জানি, এখানে অনেক দক্ষ ও মানসম্পন্ন শিক্ষক রয়েছেন। আমি সকলকে আহ্বান জানাই আপনারা সেরা শিক্ষক হিসেবে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করুন।”

একজন শিক্ষিত ও অভিজ্ঞ শিক্ষক হাসানুজ্জামান ডাবলু এডহক কমিটির সভাপতি মনোনীত হওয়ায় স্থানীয় এলাকাবাসী, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে আনন্দ ও উচ্ছ্বাস বিরাজ করছে।